

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৮৮

করবুক,৮ নভেম্বর,২০২৩

নিউ গোমতী ভিলেজে প্রশাসনিক শিবির

করবুক মহকুমার নিউ গোমতী ভিলেজের রামানন্দ দাস বৈষ্ণবপাড়া উচ্চবিদ্যালয়ে সম্প্রতি এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১৪টি পিআরটিসি, ১৬টি এসটি ও ১টি ওবিসি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়াও মহকুমার শিলাছড়ি ব্লকের হাজাছড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সম্প্রতি এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ২৯টি পিআরটিসি, ২৮টি এসটি ও ৪১টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে মহকুমা শাসক কার্যালয়ের আধিকারিকগণ সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন কর্মসূচি ও বিভিন্ন সমস্যা নিয়ে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন।
